গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

## কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ সালাহউদ্দিন, জেলা প্রশাসক, কক্সবাজার
সভার তারিখ ও সময় : ০৩/০৬/২০২৫খ্রিঃ, দুপুর ১২.০০টা।
সভার স্থান : শহীদ এটিএম জাফর আলম, সিএসপি, সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
সভার উপস্থিতি : সকল সদস্যবৃন্দ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাত হতে নারিকেলের উৎপাদন বৃদ্ধিন লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাঝে বিনামূল্যে নারিকেল চারা বিতরণ প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া যায় এবং মরিচ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মরিচ বীজ (হাইব্রিড জাত) বিতরণ কর্মসূচির ০১ টি বরাদ্দ পাওয়া যায়। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় নারিকেল চারা ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ১৭,৮৭,৫০০/- (সতের লক্ষ সাতাশি হাজার পাঁচশত) টাকা, মরিচ উৎপাদন (হাইব্রিড জাত) প্রণোদনা কর্মসূচিতে বীজ, সার ও অন্যান্য অনুদান বাবদ ৪,৯৯,৫০০/- (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা এবং মরিচ উৎপাদন (হাইব্রিড জাত) প্রণোদনা কর্মসূচিতে বীজ, সার ও অন্যান্য অনুদান বাবদ ৪,৯৯,৫০০/- (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা এবং লেবু চারা বিতরণ প্রণোদনা কর্মসূচিতে বীজ, সার ও অন্যান্য অনুদান বাবদ ২,৬৮,০০০/- (দুই লক্ষ আটষট্টি হাজার) টাকা অর্থ বরাদ্দ পাওয়া যায় (কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮১ তারিখঃ ২৮/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ, ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২৩.১৮২, তারিখঃ ২৮/০৫/২০২৫ খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৩, তারিখ: ২৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রসমূহ পাঠ করে শুনানো হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১ ঃ কক্সবাজার জেলায় নারিকেল ও মরিচ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কৃষি পুনর্বাসন সহায়তা বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ নারিকেল, হাইব্রিড মরিচ ও লেবু

১। নারিকেল প্রণোদনার প্রতিজন উপকারভোগী কৃষক ০৫ টি করে দেশি জাতের নারিকেল চারা পাবে।
২। লেবু প্রণোদনার প্রতিজন উপকারভোগী কৃষক ০৫ টি করে লেবুর চারা ও ১৮৫ টাকার জৈব সার পাবে।
৩। হাইব্রিড জাতের ১০ গ্রাম মরিচ বীজ, ০৫ কেজি করে ডিএপি সার, ০৫ কেজি করে এমওপি সার এবং ০.৯৯ কেজি করে বালাইনাশক পাবে।

| ক্রঃ নং | উপকরণ/খাত | হাইব্রিড মরিচ | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০.০১ | ৫০০/- |
| ২ | ডিএপি সার | ৫ | ৯৫/- |
| ৩ | এমওপি সার | ৫ | ৯০/- |
| ৪ | বালাইনাশক | ০.৯৯ | ১২০/- |
| মোট | | ১১ কেজি | ৮০৫/- |

খরিপ মৌসুম ঃ হাইব্রিড মরিচ

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) | বালাইনাশক (কেজি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ১০০ | ১ | ৫০০ | ৫০০ | ৯৯ |
| ২ | পেকুয়া | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| ৩ | রামু | ১০০ | ১ | ৫০০ | ৫০০ | ৯৯ |
| ৪ | সদর | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| ৫ | উখিয়া | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| ৬ | টেকনাফ | ১০০ | ১ | ৫০০ | ৫০০ | ৯৯ |
| ৭ | মহেশখালী | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ০.৫ | ২৫০ | ২৫০ | ৪৯.৫ |
| | মোট | ৬০০ | ৬ কেজি | ৩০০০ কেজি | ৩০০০ কেজি | ৫৯৪ কেজি |

খরিপ মৌসুম ঃ নারিকেল

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | চারার পরিমাণ (সংখ্যা) | প্রতিষ্ঠানে চারার পরিমাণ (সংখ্যা) | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ৩৫০ | ১৭৫০ | ৬৫০ | ২৪০০ |
| ২ | পেকুয়া | ২০০ | ১০০০ | ৩০০ | ১৩০০ |
| ৩ | রামু | ২০০ | ১০০০ | ৩০০ | ১৩০০ |
| ৪ | সদর | ২০০ | ১০০০ | ৩০০ | ১৩০০ |
| ৫ | উখিয়া | ২০০ | ১০০০ | ২৫০ | ১২৫০ |
| ৬ | টেকনাফ | ৩০০ | ১৫০০ | ৩৫০ | ১৮৫০ |
| ৭ | মহেশখালী | ৩০০ | ১৫০০ | ৩৫০ | ১৮৫০ |
| ৮ | কুতুবদিয়া | ১৫০ | ৭৫০ | ৩৫০ | ১১০০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ | ৫০০ | ১৫০ | ৬৫০ |
| | মোট | ২০০০ | ১০০০০ | ৩০০০ | ১৩০০০ |

ফসল : লেবু

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | চারার পরিমাণ (সংখ্যা) |
|---|---|---|---|
| ১ | চকরিয়া | ২০০ | ১০০০ |
| ২ | পেকুয়া | ৫০ | ২৫০ |
| ৩ | রামু | ১৫০ | ৭৫০ |
| ৪ | সদর | ৫০ | ২৫০ |
| ৫ | উখিয়া | ৫০ | ২৫০ |
| ৬ | টেকনাফ | ১৫০ | ৭৫০ |
| ৭ | মহেশখালী | ৫০ | ২৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ২৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ২৫০ |
| | মোট | ৮০০ | ৪০০০ |

ফসলঃ হাইব্রিড মরিচ

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | বালাইনাশক | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯+১০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | চকরিয়া | ১০০ | ৫০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১২০০০ | ১৪৫০ | ১১০০ | ১৪৫৫০ | ৮৩০৫০ |
| ২ | পেকুয়া | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ৮২৫ | ৫৫০ | ৭৩৭৫ | ৪১৬২৫ |
| ৩ | রামু | ১০০ | ৫০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১২০০০ | ১৩০০ | ১১০০ | ১৪৪০০ | ৮২৯০০ |
| ৪ | সদর | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ৭০০ | ৫৫০ | ৭২৫০ | ৪১৫০০ |
| ৫ | উখিয়া | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ৮২৫ | ৫৫০ | ৭৩৭৫ | ৪১৬২৫ |
| ৬ | টেকনাফ | ১০০ | ৫০০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১২০০০ | ২০০০ | ১১০০ | ১৫১০০ | ৮৩৬০০ |
| ৭ | মহেশখালী | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ১০০০ | ৫৫০ | ৭৫৫০ | ৪১৮০০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ১০০০ | ৫৫০ | ৭৫৫০ | ৪১৮০০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ২৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৬০০০ | ৮০০ | ৫৫০ | ৭৩৫০ | ৪১৬০০ |
| মোট | | ৬০০ | ৩০০০০০ | ৫৭০০০ | ৫৪০০০ | ১১১০০০ | ৭২০০০ | ৯৯০০ | ৬৬০০ | ৮৮৫০০ | ৪৯৯৫০০ |

ফসলঃ নারিকেল

| ক্র নং | উপজেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা | প্রতিষ্ঠানের চারার পরিমাণ (সংখ্যা) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৫+৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৬+৭) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | চকরিয়া | ৩৫০ | ৬৫০ | ৩২৪০০০ | ৩৬০০ | ২৪০০ | ৬০০০ | ৩৩০০০০ |
| ২ | পেকুয়া | ২০০ | ৩০০ | ১৭৫৫০০ | ১৯৫০ | ১৩০০ | ৩২৫০ | ১৭৮৭৫০ |
| ৩ | রামু | ২০০ | ৩০০ | ১৭৫৫০০ | ১৯৫০ | ১৩০০ | ৩২৫০ | ১৭৮৭৫০ |
| ৪ | সদর | ২০০ | ৩০০ | ১৭৫৫০০ | ১৯৫০ | ১৩০০ | ৩২৫০ | ১৭৮৭৫০ |
| ৫ | উখিয়া | ২০০ | ২৫০ | ১৬৮৭৫০ | ১৮৭৫ | ১২৫০ | ৩১২৫ | ১৭১৮৭৫ |
| ৬ | টেকনাফ | ৩০০ | ৩৫০ | ২৪৯৭৫০ | ২৭৭৫ | ১৮৫০ | ৪৬২৫ | ২৫৪৩৭৫ |
| ৭ | মহেশখালী | ৩০০ | ৩৫০ | ২৪৯৭৫০ | ২৭৭৫ | ১৮৫০ | ৪৬২৫ | ২৫৪৩৭৫ |
| ৮ | কুতুবদিয়া | ১৫০ | ৩৫০ | ১৪৮৫০০ | ১৬৫০ | ১১০০ | ২৭৫০ | ১৫১২৫০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ | ১৫০ | ৮৭৭৫০ | ৯৭৫ | ৬৫০ | ১৬২৫ | ৮৯৩৭৫ |
| মোট | | ২০০০ | ৩০০০ | ১৭৫৫০০০ | ১৯৫০০ | ১৩০০০ | ৩২৫০০ | ১৭৮৭৫০০ |

ফসল : লেবু

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | ৩২৫১১০৯-বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) জৈব সার | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৫+৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৬+৭) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | চকরিয়া | ২০০ | ২৫০০০ | ৩৭০০০ | ৩০০০ | ২০০০ | ৫০০০ | ৬৭০০০ |
| ২ | পেকুয়া | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| ৩ | রামু | ১৫০ | ১৮৭৫০ | ২৭৭৫০ | ২২৫০ | ১৫০০ | ৩৭৫০ | ৫০২৫০ |
| ৪ | সদর | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| ৫ | উখিয়া | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| ৬ | টেকনাফ | ১৫০ | ১৮৭৫০ | ২৭৭৫০ | ২২৫০ | ১৫০০ | ৩৭৫০ | ৫০২৫০ |
| ৭ | মহেশখালী | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ৬২৫০ | ৯২৫০ | ৭৫০ | ৫০০ | ১২৫০ | ১৬৭৫০ |
| মোট | | ৮০০ | ১০০০০০ | ১৪৮০০০ | ১২০০০ | ৮০০০ | ২০০০০ | ২৬৮০০০ |

সিদ্ধান্ত নং-২ ঃ নারিকেল উৎপাদন কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একজন উপকারভোগী কৃষক ০৫ টি করে দেশি জাতের নারিকেল চারা পাবে, মরিচ (হাইব্রিড জাত) উৎপাদন কর্মসূচির আওতায় একজন কৃষক/কৃষানী ১০ গ্রাম করে হাইব্রিড জাতের মরিচ বীজ, ০৫ কেজি করে ডিএপি সার, ০৫ কেজি করে এমওপি সার এবং ৯৯০ গ্রাম করে বালাইনাশক এবং লেবু উৎপাদন কর্মসূচির আওতায় ০৫ টি করে লেবু চারা ও ১৮৫ টাকার জৈব সার উপকরণ হিসেবে সহায়তা পাবে। ০১ জন উপকারভোগী কৃষক/কৃষানীকে কেবলমাত্র ০১টি কর্মসূচির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। অনুমোদিত তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহনকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত নং-৩ ঃ কর্মসূচিদ্বয়ের অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যালয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত নং-৪ ঃ সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ, ও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত নং-৫ ঃ নারিকেল ও লেবু কর্মসূচির ক্ষেত্রে স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল নারিকেল চারা বিএডিসি ও লেবু চারা বিএডিসি/বিনা হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। মরিচ (হাইব্রিড জাত)

কর্মসূচির ক্ষেত্রে স্থানীয় উপযোগীতার ভিত্তিতে শতক/বিঘা প্রতি কাঙ্ক্ষিত ফলনের এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন হাইব্রিড জাতের মরিচ বীজ প্রতিষ্ঠিত বেসরকাররি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে এবং এ কর্মসূচির সার বিএডিসি'র বাফার গুদাম হতে নির্ধারিত মূল্যে সংগ্রহ করতে হবে।

সিদ্ধান্ত নং-৬ ঃ নারিকেল কর্মসূচির প্রতিষ্ঠানের নির্ধারিত সংখ্যক চারা প্রতিষ্ঠান প্রধান/উপযুক্ত প্রতিনিধিকে প্রদান করতে হবে।

সিদ্ধান্ত নং-৭ ঃ ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA`2006 ও PPR`2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সিদ্ধান্ত নং-৮ ঃ এ কার্যক্রমসমূহ বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে অত্র প্রণোদনা/পুনর্বাসিন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারকে নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত নং-১০ ঃ কৃষি মন্ত্রণালয়ের ২৮/০৫/২০২৫ তারিখের ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮১ নং স্মারকে জারিকৃত জিও, ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২৩.১৮২ নং জিও এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৫.২৫.১৮৩ এর আলোকে প্রদত্ত নির্দেশনার মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। (কপি সংযুক্ত)

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০৬/২০২৫

মোহাম্মদ সালাহউদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৪.৪২৮

তারিখ : ০৩/০৬/২০২৫ খ্রি:

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।

১০-১৮। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।

১৯-২০। উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, ঝিলংজা/রামু, কক্সবাজার। (আপনাকে লেবু কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় চারা সরবরাহ করার জন্য বলা হলো)।

২১-২২। সিনিয়র সহকারী পরিচালক(বীবি)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি, কক্সবাজার। ( আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনিত বাহককে প্রণোদনা/কৃষি পুনর্বাসন কর্মসূচীর প্রয়োজনীয় নারিকেল চারা ও সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকষর্নে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৭। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। উপসহকারী পরিচালক (সার), বিএডিসি, কক্সবাজার ও সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৯। এম, এম সিরাজ উদ্দিন---------------স্থানীয় প্রতিনিধি। কক্সবাজার।
১০। অফিস কপি

০৩/৬/২০২৫

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।